

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৬.০২৬.০০.০০.১০৩.২০১৪-২৪৮৮

তারিখ : ০৭ ডিসেম্বর, ২০১৫।

বিষয় : নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলা পরিষদের স্কীম বাস্তবায়ন।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়াইগ্রাম-এর স্মারক নং-০৫.৪৩.৬৯১৫.০১৩.০০.০১২.১৫-১১১০; তারিখ: ২৭ অক্টোবর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, (ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় গর্ত ভরাট কাজ করার বিধান না থাকায় প্রস্তাবটি বিবেচনা করা গেল না, (খ) বড়াইগ্রাম উপজেলা পরিষদের অভ্যন্তরীণ সড়ক মেরামতের কাজ বার্ষিক উন্নয়ন কর্মসূচি অথবা উন্নয়ন তহবিলের অর্থ হতে করার পরামর্শ প্রদান করা হলো, (গ) স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদিত গেটের ডিজাইন অনুযায়ী গেটের ডিজাইন এবং সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির, কারিগরি প্রতিবেদন ও রাজস্ব তহবিলের ব্যাংক স্থিতিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো ও (ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন ও উপজেলা পরিষদের ডরমেটরী ভবন বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ভবনাদি নির্মাণ/পুনঃনির্মাণ/বিদ্যমান ভবন সম্প্রসারণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে বরাদ্দের লক্ষ্যে চাহিদা প্রেরণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

JAM
০৭/১২/২০১৫
(ড. জুলিয়া মঙ্গন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
বড়াইগ্রাম, নাটোর।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, নাটোর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।